দৈনিক আমাদের সময়

তারিখ 19 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# প্রথম শ্রেণির প্রশ্ন ফাঁস, ১০৬ স্কুলে পরীক্ষা স্থগিত

নাটোর প্রতিনিধি ●
প্রশ্নপত্র ফাঁস হওয়ায় নাটোর সদর উপজেলার ১০৬টি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম ও চতুর্থ শ্রেণির গণিত পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ ঘটনায় সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) শামীম ভূইয়াকে প্রধান করে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এলাকাবাসী প্রশ্নপত্র এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

## প্রথম শ্রেণির প্রশ্ন ফাঁস

(প্রথম পৃষ্ঠার পর) ফাঁসের সঙ্গে সদর উপজেলার আগদিঘা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কোচিং সেন্টার জড়িত বলে অভিযোগ করেছে।

এলাকাবাসী সূত্র জানায়, সোমবার সকালে সদর উপজেলার আগদিঘা প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা শুরুর আগেই প্রথম শ্রেণির ও চতুর্থ শ্রেণির গণিত পরীক্ষার হাতে লেখা প্রশ্নপত্র ছড়িয়ে পড়ে। এ ঘটনায় অভিভাবক ও এলাকাবাসীর মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। ঘটনাটি বিদ্যালয়ের সভাপতি সিরাজুল ইসলাম স্থানীয় প্রশাসনকে অবহিত করেন। খবর পেয়ে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জেসমিন আক্তার বানু ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, আলী আশরাফ ঘটনাস্থলে গিয়ে হাতে লেখা প্রশ্নের সঙ্গে পরীক্ষার প্রশ্নের হুবুহু মিল পান। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা সদর উপজেলার ১০৬টি বিদ্যালয়ের প্রথম ও চতুর্থ শ্রেণির আজকের গণিত পরীক্ষা স্থগিত করেন।

এলাকাবাসী ও অভিভাবকরা অভিযোগ করেন, বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় কোচিং সেন্টারের যোগসাজশে প্রতি পরীক্ষার আগের দিন প্রশ্নপত্র ফাঁস করা হয়। কোচিং সেন্টারের শিক্ষার্থীদের ভালো ফল করাতেই এই কাজ করা হয়। আর প্রতি প্রশ্নের জন্য নেওয়া হয় ৩০ টাকা।